**বরাক উপত্যকা সাহিত্য সংস্কৃতি সম্মেলন**
**দূর-শিক্ষাকেন্দ্র**
**বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম**
দ্বিতীয় ষান্মাসিক-২০২৬ ::: তৃতীয় পত্র : প্রকল্প

একমাত্র **৯ম** ব্যাচের (শিক্ষাবর্ষ : ২০২৫ – ২০২৬) শিক্ষার্থীদের জন্য

**পূর্ণমান :** ২৫ (প্রকল্প : ২০ + গ্রন্থাগারের কাজ : ৫)
এই পত্রে (তৃতীয় পত্র : প্রকল্প) পাস করার নিম্নতম মান: ১২ (বারো)
প্রকল্পের প্রতিটি বিষয়ে গ্রন্থাগারের কাজ বাধ্যতামূলক।
প্রশ্নোত্তরগুলি নিজ হস্তাক্ষরে অবশ্যই লিখতে হবে এবং
৩০ জুন ২০২৬-এর মধ্যে জমা দিতে হবে।

নিম্নে প্রদত্ত ৫টি বিষয় থেকে **যে কোন ১টি বিষয়কে** ঐচ্ছিক বিষয় হিসেবে গ্রহণ করে প্রকল্প তৈরী করতে হবে :—
(১) কবিতা, (২) ছোটগল্প, (৩) প্রবন্ধ, (৪) স্ক্রিপ্ট (রেডিও স্ক্রিপ্ট বা টিভি স্ক্রিপ্ট) এবং (৫) পাঠ পরিকল্পনা।

---

(১) বিষয়: **কবিতা**

১। (ক) কবিতা কি কেবলই কল্পনা বিলাস, ছন্দবদ্ধ রচনা? আপনার পড়া পাঁচটি কবিতার উল্লেখ করে লিখুন সমাজ জীবনে কবিতার গুরুত্ব কী? (শব্দ সীমা: ১৫০) (মান: ৫)

(খ) আপনার স্বরচিত ২টি নাতিদীর্ঘ কবিতা লিখে দিন। (মান: ১৫)
**(প্রয়োজনে দেখতে পারেন:**
*ঈশানের পুঞ্জমেঘ*, ১৯৯১, সম্পাদক শক্তিপদ ব্রহ্মচারী ও বিশ্বতোষ চৌধুরী
–বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলন।

---

(২) বিষয়: **ছোটগল্প**

২। (ক) ৫টি গল্পের নামের (লেখকের নামসহ) তালিকা তৈরি করুন এবং এই তালিকার মধ্য থেকে যে কোনও ১টি গল্প সম্বন্ধে আপনার সংক্ষিপ্ত মতামত দিন। (শব্দ সীমা: ১৫০) (মান: ৫)

(খ) আপনার স্বরচিত **১টি** ছোটগল্প লিখে দিন। (শব্দ সীমা: ৭০০) (মান: ১৫)
**(প্রয়োজনে দেখতে পারেন:**
*বরাকের গল্পসংগ্রহ*, ১ম ও ২য় খণ্ড, বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলন।
*লঘু গদ্য, গুরু গদ্য*, ২০২৪, লেখক সঞ্জীব দেবলস্কর –অক্ষর প্রকাশনী, আগরতলা।

---

(৩) বিষয়: **প্রবন্ধ**

৩। (ক) আপনার পড়া কোন দৈনিক সংবাদপত্র বা সাময়িক পত্রিকা বা সংকলন গ্রন্থ থেকে **৫টি** প্রবন্ধের (লেখকের নাম সহ) তালিকা তৈরী করুন এবং এই তালিকার মধ্য থেকে যে কোন **১টির** উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা: ১৫০) (মান: ৫)

(খ) আপনার নিজের লেখা **১টি** প্রবন্ধ দিন। (শব্দ সীমা: ৭০০) (মান: ১৫)
**(প্রয়োজনে দেখতে পারেন:**
*আকাদেমি পত্রিকা*, ৪র্থ, ৫ম ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা –বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলন।
*লঘু গদ্য, গুরু গদ্য*, ২০২৪, সঞ্জীব দেবলস্কর –অক্ষর প্রকাশনী, আগরতলা।
*কী ক'রে লিখব*, ২০১৮, সঞ্জীব দেবলস্কর –সৃজন গ্রাফিকস, শিলচর।
*শতাব্দীর তথ্যপঞ্জি, উনিশের পঞ্চাশ, রবি অর্ঘ্য* -বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলন।

---

(৪) বিষয়: **স্ক্রিপ্ট** (<u>রেডিও স্ক্রিপ্ট</u> **বা** <u>টিভি স্ক্রিপ্ট</u>)

<u>রেডিও স্ক্রিপ্ট</u>

৪। (ক) আপনার শোনা আকাশবাণী থেকে প্রচারিত/সংগৃহীত বা মুদ্রিত **৫টি** রেডিও-কথিকার (Radio Talk) একটি তালিকা— লেখকের বা কথকের নামসহ তৈরী করুন এবং -এর যে কোন **১টির** উপর আপনার সংক্ষিপ্ত মতামত দিন। (শব্দ সীমা: ১৫০) (মান: ৫)

(খ) আপনার স্বরচিত **১টি** কথিকা লিখুন যা রেডিওতে পাঁচ মিনিট সময় প্রচারের উপযোগী হবে। (বিষয়টি আপনিই নির্বাচন করবেন) (শব্দ সীমা: ৭০০) (মান: ১৫)
**(প্রয়োজনে দেখতে পারেন:**
*লঘু গদ্য, গুরু গদ্য*, সঞ্জীব দেবলস্কর, অক্ষর প্রকাশনী, আগরতলা ।
*কী ক'রে লিখব*, সঞ্জীব দেবলস্কর, সৃজন গ্রাফিকস, শিলচর ।

**<u>অথবা</u>**

<u>টেলিভিশনের (টিভি) স্ক্রিপ্ট</u>

৪। (ক) আপনার দেখা (কিংবা সংগৃহীত / মুদ্রিত) **৫টি** টেলিভিশন অনুষ্ঠানের (টিভি ম্যাগাজিন / টক-শো / বিজ্ঞাপন শট) একটি তালিকা তৈরি করুন এবং -এর যে কোনও **১টির** উপর আপনার সংক্ষিপ্ত মন্তব্য লিখুন। (শব্দ সীমা: ২০০) (মান: ৫)

(খ) টিভিতে তিন/চার মিনিট সময় সীমায় প্রচারের উপযোগী আপনার নিজস্ব পছন্দের **১টি** শ্যুটিং স্ক্রিপ্ট লিখে দিন— লিখতে হবে "স্ক্রিপ্ট ফর্ম্যাটে" এবং এতে "শট ডিভিশন", "অডিও", "ভিডিও" (Shot Division, Audio, Video) আলাদা করে দেখাতে হবে, সঙ্গে থাকবে শব্দ-ধ্বনি-আলো, আবহসংগীত এবং সংগীত প্রয়োগের দিকও। (শব্দ সীমা নেই) (মান: ১৫)
**(প্রয়োজনে দেখতে পারেন:**
*দূর শিক্ষাকেন্দ্রের নির্ধারিত পাঠ্যপুস্তক- দ্বিতীয় ষাণ্মাসিক,৩য় পত্র ছাড়াও রেডিও ও টিভির স্ক্রিপ্ট-এর জন্য 'লঘু গদ্য, গুরু গদ্য',লেখক সঞ্জীব দেবলস্কর, অক্ষর প্রকাশনী, আগরতলা -২০২৪, এবং 'কী ক'রে লিখব' সঞ্জীব দেবলস্কর, পান্থজন পাবলিশিং হাউস, শিলচর)*

---

(৫) বিষয়: **পাঠ পরিকল্পনা** (Lesson Plan)

শ্রেণীকক্ষে পাঠদানের উপযোগী পাঠ পরিকল্পনা

৫। (ক) শ্রেণীকক্ষে পাঠদানের ক্ষেত্রে পাঠ পরিকল্পনা (Lesson Plan) প্রস্তুত করার প্রয়োজনীয়তার বিষয়ে আপনার নিজস্ব মতামত দিন। (শব্দ সীমা: ১০০) (মান: ৫)

(খ) প্রাথমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক স্তরের বাংলা / বিজ্ঞান / ইতিহাস / রাষ্ট্রবিজ্ঞান / অর্থনীতি / শিক্ষা / দর্শনের যে কোন **একটি** পাঠ্য বই থেকে আপনার পছন্দমত যে কোনও **১টি** পাঠ (Lesson) -এর উপর ভিত্তি করে ক্লাসে পড়ানোর উপযোগী পাঠ পরিকল্পনা (Lesson Plan) তৈরী করুন। (শব্দ সীমা নেই) (মান: ১৫)

**(প্রয়োজনে দেখতে পারেন:**
*দূর শিক্ষাকেন্দ্রের নির্ধারিত পাঠ্যপুস্তক- দ্বিতীয় ষাণ্মাসিক,৩য় পত্র।)*

## গ্রন্থাগারের কাজ : Library Work

(গ্রন্থাগারের কাজের জন্য আলাদা ক্লাসের ব্যবস্থা থাকবে, যারা দূরের পড়ুয়া এদের জন্য অন-লাইনে ক্লাসের ব্যবস্থা থাকবে)

গ্রন্থাগার থেকে ১০ টি বই সংগ্রহ করে একটি তালিকা তৈরী করুন এবং বইগুলো সামনে রেখে নিম্নলিখিত উত্তরগুলো লিখুন : - (মান: ৩)

১। (ক) লেখক / লেখিকা / সংকলনের নাম
(খ) প্রকাশনার বছর
(গ) বই এর নাম
(ঘ) প্রকাশকের নাম
(ঙ) প্রকাশকের ঠিকানা
(চ) পৃষ্ঠা সংখ্যা

**নমুনা : -**

রায়, সব্যসাচী। ২০২২। “অভিবাসন, নাগরিকতা ও আসাম”। গৌতমপ্রসাদ দত্ত, সাধারণ সম্পাদক, বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন। বঙ্গভবন, অরুণকুমার চন্দ রোড, শিলচর – ৭৮৮০০১, আসাম। পৃঃ ১৫২ – ১৬০।

২। যে তালিকা বানিয়েছেন তা থেকে যে কোনও একটি বই ভালো করে পর্যবেক্ষণ করে – লেখক পরিচিতি, ভূমিকা এবং সামান্য কয়েকটি পৃষ্ঠা পড়ে (skimming) -এ বইটির বিষয় সম্বন্ধে যে ধারণা করতে পেরেছেন তা লিখুন। (শব্দ সীমা: ৫০) (মান: ২)

### গ্রন্থাগারের কাজের প্রমাণপত্র

- প্রমাণপত্রে গ্রন্থাগারের নাম ও ঠিকানা থাকতে হবে।
- গ্রন্থাগারিকের (Librarian)-এর সীল এবং সই থাকতে হবে।

### প্রয়োজনীয় নির্দেশিকা

- **প্রকল্পের প্রতিটি বিষয়ে গ্রন্থাগারের কাজ বাধ্যতামূলক।**
- প্রকল্প তৈরী করতে লিখিত অংশগুলি **নিজ হস্তাক্ষরে অবশ্যই** লিখতে হবে, অন্যথায় প্রকল্পটি গ্রহণ করা হবে না।
- গ্রন্থাগারের কাজের জন্য প্রশিক্ষণার্থীদের নিজ নিজ শহর, গ্রাম, জেলায় স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় বা সরকারি/বেসরকারি গ্রন্থাগারের সাহায্য গ্রহণ করতে পারেন এবং প্রকল্পের জন্য কী কী পত্রপত্রিকা বা বইয়ের সাহায্য নিয়েছেন এর একটি সূত্রনির্দেশ/তালিকা তৈরী করে প্রকল্পটির সঙ্গে জমা দিতে হবে। যে গ্রন্থাগারে গেছেন সেখানের গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা একটি প্রমাণপত্রও প্রকল্পটির সঙ্গে জমা দেওয়া আবশ্যক। তবে, স্থানীয় প্রশিক্ষণার্থীদের শিলচর বঙ্গভবন গ্রন্থাগারের সদস্যপদ গ্রহণ করে নিজস্ব প্রকল্প বিষয়ক গ্রন্থাদির একটি সূত্রনির্দেশ/তালিকা প্রস্তুত করে বঙ্গভবনের গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা একটি প্রমাণপত্র প্রকল্পের সঙ্গে জমা দিতে হবে।
- প্রকল্পটি একান্তই আপনার নিজস্ব হতে হবে। এ জন্য একজন উপযুক্ত পর্যবেক্ষকের সহায়তা নেবেন। পর্যবেক্ষক কোন উচ্চতর মাধ্যমিক স্কুল, ডিগ্রি কলেজ, বিশ্ববিদ্যালয়ের অথবা দূর শিক্ষাকেন্দ্রের শিক্ষক/শিক্ষিকা হতে পারেন- প্রকল্পটি যে আপনার নিজস্ব রচনা এ মর্মে এ পর্যবেক্ষকের একটা সই করিয়ে নিতে হবে।
- প্রকল্পটি A4 সাইজ কাগজে নিজ হাতে লিখে একটি সেলাই করা পুস্তিকার আকারে বানিয়ে নিম্নে দেওয়া নমুনা অনুযায়ী প্রকল্পটি যথাসময়ে জমা দিতে হবে।

## প্রকল্প পুস্তিকার নমুনা (৪নং পৃষ্ঠায়)

প্রচ্ছদ পৃষ্ঠায় (১নং পৃষ্ঠা) থাকবে—

**বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন**
**দূর-শিক্ষাকেন্দ্র**
**বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম**
দ্বিতীয় ষান্মাসিক-২০২৬ ::: তৃতীয় পত্র : প্রকল্প

প্রকল্পের শিরোনাম :—

শিক্ষার্থীর নাম :— রোল নম্বর :—

প্রকল্প পর্যবেক্ষকের নাম :—

ঠিকানা :—

২নং পৃষ্ঠায় থাকবে—

**-: ঘোষণাপত্র :-**

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন, দূর-শিক্ষাকেন্দ্র পরিচালিত এক-বৎসরকালীন বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রমের দ্বিতীয় ষাণ্মাসিক পরীক্ষার সঙ্গে সংযুক্ত এ প্রকল্পটি আমি আমার প্রকল্প পর্যবেক্ষক শ্রী/শ্রীমতী/ডঃ ____________________ -এর পরামর্শে নিজে করেছি। এতে কোন লেখকের রচনা থেকে (উদ্ধৃতি বা প্রাসঙ্গিক সূত্র ছাড়া) কিছুই গ্রহণ করিনি।

*পরীক্ষার্থীর সই এবং তারিখ* *প্রকল্প পর্যবেক্ষকের সই এবং তারিখ*

৩নং পৃষ্ঠায় থাকবে—

গ্রন্থাগার

গ্রন্থাগারিক (Librarian) -এর সই করা প্রমাণপত্র।
প্রমাণপত্রে গ্রন্থাগারের নাম এবং ঠিকানা থাকতে হবে।

৪নং পৃষ্ঠা থেকে শেষ পৃষ্ঠায় পর্যন্ত থাকবে—

প্রকল্পটির জন্য প্রয়োজনীয় চিত্র/ড্রয়িং/পেপার কাটিং সহ লিখিত অংশ।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন
দূর-শিক্ষাকেন্দ্র
বঙ্গভবন
অরুণকুমার চন্দ রোড, শিলচর - ৭৮৮০০১, কাছাড়, আসাম

Barak Upatyaka Banga Sahitya O Sanskriti Sammelan
DISTANCE EDUCATION CENTRE
Banga Bhawan
Arunkumar Chanda Road, Silchar — 788001, Cachar, Assam

Website: https://barakbanga.in

# NOTICE

Date: 07/04/2026

Subject: Submission of Assignments and Project Reports

This is to inform all concerned students that they may submit their Assignments and Project Reports either in person at the Office of the Distance Education Centre, Banga Bhawan, Silchar, or by Speed Post to the address given below:

The Controller of Examinations,
Distance Education Centre,
BANGA BHAWAN,
A.K. Chanda Road,
Sadarghat, Silchar – 788001

Students are advised to submit in person / despatch by post the Assignments/Project Reports during the **month of June 2026 -**
**Last date of submission : 30 JUNE 2026.**

Controller of Examinations
Distance Education Centre
BANGA BHAWAN, SILCHAR.